



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University : NSTU

নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812

Fax : 880-321-62788

Mobile : 880-01733998894

E-mail : pronstu@gmail.com

Website : www.nstu.edu.bd

জনসংযোগ ও
প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস রিলিজ/২০২৩/১৬৪২

১৭ আগস্ট ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহর সঙ্গে বৃহস্পতিবার (১৭ আগস্ট ২০২৩) তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) দ্বিতীয় মেয়াদে নিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। এ সময় ইউজিসির মাননীয় চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা জানান নোবিপ্রবির মাননীয় উপাচার্য।

সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময়কালে আরো উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, ভাষা শহীদ আব্দুস সালাম হলের প্রভোস্ট ও আইআইএস পরিচালক অধ্যাপক ড. মো. আনিসুজ্জামান।

সাক্ষাৎকালে মাননীয় উপাচার্য নোবিপ্রবির শিক্ষা ও গবেষণা কার্যক্রম বিষয়ে ইউজিসির মাননীয় চেয়ারম্যানকে অবহিত করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের সার্বিক উচ্চশিক্ষা কার্যক্রম ও অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহযোগিতা চান মাননীয় উপাচার্য।

R. Kaiser

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়